



# Bangladesh Milk Producers' Co-operative Union Limited

## বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

স্মারক নং ৪৭.৬৭.০০০০.০০২.৩৪.০০২.২২.১৮৫

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৯  
৮ মে ২০২২

### বিষয়ঃ মিল্ক ইউনিয়নের কৃত্রিম প্রজননকারী (এল.এফ.এ.আই.) নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০২২

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন) এর দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের আওতাধীন প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতির সদস্যদের গাভীর কৃত্রিম প্রজনন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে কৃত্রিম প্রজননকারী (এল.এফ.এ.আই.) নিয়োগের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি নীতিমালা প্রণয়ন করা হলোঃ

১. কৃত্রিম প্রজননকারী নিয়োগের শিক্ষাগত যোগ্যতাঃ বিজ্ঞান বিভাগে ন্যূনতম এস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
  ২. কৃত্রিম প্রজননকারী পদে নিয়োগ প্রাপ্তির জন্য প্রার্থীকে দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র/দুগ্ধ কারখানা এলাকার সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র/দুগ্ধ কারখানা যে উপজেলায় অবস্থিত সে এলাকার স্থায়ী বাসিন্দা মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী উপজেলা বা জেলা থেকে কৃত্রিম প্রজননকারী পদে নিয়োগ দেয়া যাবে।
  ৩. আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ বছর বয়সের মধ্যে হতে হবে। তবে অভিজ্ঞতা সম্পন্ন অথবা কৃত্রিম প্রজননের বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে।
  ৪. কৃত্রিম প্রজননকারী নিয়োগের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের জন্য চুক্তিবদ্ধ হতে হবে। প্রজননকারীর কর্মের সন্তুষ্টি সাপেক্ষে ০৫ (পাঁচ) বছর পর পর চুক্তি নবায়ন করা যাবে। তবে কৃত্রিম প্রজননকারীর বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হলে চুক্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে এবং চুক্তি নবায়ন বা কর্মে নিয়োজিত রাখা যাবে না।
  ৫. কৃত্রিম প্রজননকারীকে প্রত্যন্ত এলাকায় কাজ করার মতো শারীরিক ও মানুসিক সক্ষমতা থাকতে হবে।
  ৬. কৃত্রিম প্রজননকারীগণ মাসিক সর্বসাকুল্য বেতন ১৬,৭৩০/= (ষোল হাজার সাতশত ত্রিশ) টাকা প্রাপ্য হবেন।
  ৭. কৃত্রিম প্রজননকারীদের দক্ষতা উন্নয়নে সময় সময় মিল্ক ইউনিয়নের ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রদান করা হবে।
  ৮. সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তি সাপেক্ষে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। নিয়োগ প্রাপ্ত প্রজননকারীগণ কখনোই মিল্ক ইউনিয়নের স্থায়ী কর্মচারী হিসেবে গণ্য হবেন না।
  ৯. কৃত্রিম প্রজননকারীগণকে কাজে যোগদানের সময় ৩০০/= (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে মিল্ক ইউনিয়নের সাথে ০৫ (পাঁচ) বছরের জন্য চুক্তি সম্পাদন করতে হবে।
  ১০. নিয়োগ প্রাপ্ত কৃত্রিম প্রজননকারীগণ প্রজনন উপকরণ গ্রহণের সময় ১০,০০০/= (দশ হাজার) টাকা জামানত প্রদান করতে হবে। উক্ত জামানত কৃত্রিম প্রজননকারী (এলএএফআই) ওয়েল ফেয়ার ফান্ডে জমা রাখা হবে এবং কর্মকাল শেষে মুনাফাসহ ফেরৎ প্রদান করা হবে।
  ১১. কৃত্রিম প্রজননকারীগণ মিল্ক ইউনিয়নের প্রচলিত আইন ও বিধি বিধান অনুযায়ী কার্যক্রম পরিচালনা করবেন।
  ১২. কৃত্রিম প্রজননকারীর বার্ষিক কার্যক্রম সংশ্লিষ্ট দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র/কারখানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মূল্যায়ন করবেন এবং প্রতি বছরের জানুয়ারি মাসে মিল্ক ইউনিয়নের প্রধান কার্যালয়ের সমিতি বিভাগে দাখিল করবেন।
  ১৩. এই নীতিমালা বা নীতিমালার বহির্ভূত কোন বিষয়ে কৃত্রিম প্রজননকারী ও মিল্ক ইউনিয়নের মধ্যে মতানৈক্যের সৃষ্টি হলে উভয় পক্ষ দ্বিপাক্ষিক সভার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।
  ১৪. এই নীতিমালায় বর্ণিত নেই এমন যে কোন বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা মিল্ক ইউনিয়ন সংরক্ষণ করবে।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা জারি করা হলো।

(স্বাক্ষরিত)

মোঃ রফিকুল ইসলাম

ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব)

ফোনঃ+৮৮ ০২ ৮৮৭০৪৩২

ই-মেইলঃmd@milkvita.org.bd

চলমান পাতা-২

পাতা-২

স্মারক নং ৪৭.৬৭.০০০০.০০২.৩৪.০০২.২২.১৮৫

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৯  
৮ মে ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
- ৪। অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
- ৫। উপ-মহাব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
- ৬। ব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
- ৭। উপ-ব্যবস্থাপক (সকল), মিল্ক ইউনিয়ন।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র ও এলাকা), মিল্ক ইউনিয়ন।
- ৯। চেয়ারম্যান এর ব্যক্তিগত কর্মকর্তা, মিল্ক ইউনিয়ন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। পি এ টু ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ইউনিয়ন (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস নথি।



ব্যবস্থাপনা পরিচালক  
মিল্ক ইউনিয়ন